

💵 সুনান আবূ দাউদ (তাহকিককৃত)

হাদিস নাম্বারঃ ৬৭২

২/ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৯৪. কাতার সোজা করা

باب تَسْوِيَةِ الصُّفُوفِ

আরবী

حَدَّثَنَا ابْنُ بَشَّارٍ، حَدَّثَنَا أَبُو عَاصِمٍ، حَدَّثَنَا جَعْفَرُ بْنُ يَحْيَى بْنِ ثَوْبَانَ، قَالَ أَخْبَرَنِي عَمِّي، عُمَارَةُ بْنُ ثَوْبَانَ عَنْ عَطَاءٍ، عَنِ ابْنِ عَبَّاسٍ، قَالَ قَالَ رَسُولُ اللهِ صلى الله عليه وسلم " خِيَارُكُمْ أَلْيَنُكُمْ مَنَاكِبَ فِي الصَّلَاةِ " .

صحيح

বাংলা

৬৭২। ইবনু 'আব্বাস (রাঃ) সূত্রে বর্ণিত। তিনি বলেন, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ তোমাদের মধ্যকার উৎকৃষ্ট হচ্ছে ঐসব লোক, যারা সালাতের মধ্যে নিজেদের কাঁধ বেশি নরম করে দেয়।[1] সহীহ।

English

Narrated Abdullah ibn Abbas:

The Prophet (ﷺ) said: The best of you are those whose shoulders are soft in prayer.

ফুটনোট

[1] ইবনু খুযাইমাহ (১৫৬৬), বায়হাকী (৩/১০১), আবৃ 'আসিম সূত্রে। ইবনু উমার সূত্রে এর শাহিদ বর্ণনা আছে। যা বর্ণনা করেছেন ত্বাবারানী আওসাত্ব' (হাঃ ৫২১৭)। এর আরো সনদ রয়েছে ত্বাবারানীর আওআত্ব (হাঃ ৫২৯১) 'আসিম ইবনু বিলাল সূত্রে। আল্লামা হায়যামী 'মাজমাউযু যাওয়ায়িদ' গ্রন্থে (২/৯০) বলেন, হাদীসটি ত্বাবারানী



'আওসাত্ব এবং বাযযার বর্ণনা করেছেন। বাযযারের সনদ হাসান আর ত্বাবারানীর সনদের লাইস ইবনু হাম্মাদকে দারাকুতনী দুর্বল বলেছেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আল্লামা আলবানী একাডেমী 🛘 বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবনু আব্বাস (রাঃ)

🚨 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন